



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমবায় অধিদপ্তর  
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭  
www.coop.gov.bd

রেজি পোস্ট এডিসহ  
বিশেষ বাহক মারফত

নং-৪৭.৬১.০০০০.০০৪.১৮.৫৯৬.১২.পি-৯৫০-এ/৩

তারিখ: ১৯.০৬.২০২৫

আদেশ

জনাব শাখাওয়াত হোসেন, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, মধুপুর, টাঙ্গাইল এর বিরুদ্ধে শাহবাগ থানার জিডি নং-৮২৫/২৫, তারিখ: ১৬.০৬.২০২৫; ধারা:- ফোঃকাঃবিঃ ৫৪(৯) মোতাবেক বিগত ১৬.০৬.২০২৫ তারিখ শাহবাগ থানার পুলিশ কর্তৃক গ্রেফতারপূর্বক বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়।

এমতাবস্থায়, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(২) ধারা মোতাবেক জনাব জনাব শাখাওয়াত হোসেন, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, মধুপুর, টাঙ্গাইল-কে গ্রেফতারের তারিখ অর্থাৎ ১৬.০৬.২০২৫ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


স্বাক্ষরিত/-মুনিমা হাফিজ  
নিবন্ধক ও মহাপরিচালক (অঃদাঃ)  
সমবায় অধিদপ্তর, ঢাকা।  
ফোনঃ ৪৮১১৯৩০৫।  
e-mail: reg.dg@coop.gov.bd

স্মারক নং-৪৭.৬১.০০০০.০০৪.১৮.০৩৭.১৩.পি-৯৫০/১(৮)-এ/৩

তারিখ: ১৯.০৬.২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

- ১। যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা।
- ২। জেলা সমবায় অফিসার, টাঙ্গাইল।
- ৩। সহকারী নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন), সমবায় অধিদপ্তর, ঢাকা।
- ৪। সহকারী প্রোগ্রামার (এম আই এস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে জারিকৃত আদেশ ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৫। উপজেলা একাউন্টস অফিসার, মধ্যপুর, টাঙ্গাইল।
- ৬। উপজেলা সমবায় অফিসার, মধুপুর, টাঙ্গাইল।
- ৭। জনাব শাখাওয়াত হোসেন, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, মধুপুর, টাঙ্গাইল। স্থায়ী ঠিকানা: পিতা- আবদুর রশিদ, গ্রাম: বরতার পুর, পো: বিরলী বাজার, উপজেলা- দাগনভূঞা, জেলা: ফেনী।
- ৮। সংশ্লিষ্ট নথি।

  
(মুহাম্মদ তানিম রহমান)  
উপ নিবন্ধক (প্রশাসন)  
সমবায় অধিদপ্তর, ঢাকা।